

দেশে শিক্ষার মান

নিম্নস্তরে

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

গত বিসিএস পরীক্ষায় লিখিত অংশে উত্তীর্ণ হবার পর মৌখিক পরীক্ষায় অগ্রগ্রহণকারী চাকরি প্রার্থীদের মান যাচাই করে পরীক্ষা গ্রহণকারী অধিকাংশ বিশেষজ্ঞ রায় দিয়েছেন যে, দেশে শিক্ষার মান নিম্নস্তরে রয়েছে।

সংবিধানের ৭ম সংশোধনী সম্পর্কে প্রার্থীদের ধারণার ব্যাপারে শতকরা ৭৪ জন বিশেষজ্ঞ বলেন এ সম্পর্কে প্রার্থীদের ধারণা অস্পষ্ট, শতকরা ১৭ জন বিশেষজ্ঞের মতে ধারণা মোটামুটি এবং শতকরা ৯ জন বিশেষজ্ঞ বলেন, এ বিষয়ে প্রার্থীদের কোন ধারণাই নেই।

ওই বিসিএস পরীক্ষার লিখিত অংশে ৩০টি ক্যাডারে ১২ হাজার ২৯ জন পরীক্ষা দেন। পরীক্ষায় পাস করার পর ৫ হাজার ৪৪০ জনকে মৌখিক পরীক্ষার জন্য ডাকা হয় এবং তাদের পরীক্ষা গ্রহণকারী ৭৫ জন বিশেষজ্ঞের কাছ থেকে প্রশ্নমালা পূরণের (শেষ পৃ: ১-এর ক: দ্র:)

শিক্ষার মান

(১ম সপ্তাহের পর)

মাধ্যমে পাবলিক স্টাডিস কমিশনের গবেষণা শাখা এই সমীক্ষা চালায়। প্রার্থীদের মান যাচাইয়ের লক্ষ্যে প্রশ্নমালায় ১১টি প্রশ্ন রাখা হয়। উল্লেখ্য, প্রার্থীদের সবাই দেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয় ও কলেজ থেকে স্নাতক ডিগ্রীপ্রাপ্ত।

মৌখিক পরীক্ষায় মহিলা প্রার্থীদের কৃতিত্ব পুরুষদের তুলনায় কেমন-এ প্রশ্নের জবাবে ৭৬ ভাগ বিশেষজ্ঞ পুরুষদের তুলনায় ভালো, ১২ ভাগ বিশেষজ্ঞ পুরুষদের চেয়ে বেশ ভালো এবং বাকী ১২ ভাগ বিশেষজ্ঞ পুরুষদের তুলনায় খারাপ বলেছেন।

পঠিত বিষয়ের ওপর প্রার্থীদের জ্ঞানের গভীরতা সম্পর্কে শতকরা ৭৭ জন বিশেষজ্ঞ বলেন, 'গভীরতা নিম্নমানের' এবং বাকীদের মতে 'গভীরতা চলতি মানের'।

প্রশাসনিক বিকেন্দ্রীকরণের ব্যাপারে প্রার্থীদের মতামত সম্পর্কে বিশেষজ্ঞরা জানান, ৬০ ভাগ প্রার্থী বিকেন্দ্রীকরণের পক্ষে এবং বাকী ৪০ ভাগ বিপক্ষে।

মৌখিক পরীক্ষায় প্রার্থীদের কৃতিত্বের মান সম্পর্কিত প্রশ্নের জবাবে 'মান নীচ' বলেছেন শতকরা ৬৪ জন বিশেষজ্ঞ, ৩৬ জন বলেছেন 'চলতি মানের'। এদের মধ্যে সামান্য কয়েকজন বিশেষজ্ঞ ২/১ জন প্রার্থীকে 'উচ্চ মানসম্পন্ন' বলেছেন।

সাবিকভাবে প্রার্থীদের মান শতকরা ৭৭ জন বিশেষজ্ঞের মতে 'নীচমানের' এবং বাকী ২৩ জনের মতে 'চলতি মানের'।

মৌখিক পরীক্ষায় প্রার্থীদের দেয়া জবাবগুলো বিবেচনা করে দেশের শিক্ষার মান সম্পর্কে মন্তব্য করতে বলা হলে শতকরা ৮০ জন বিশেষজ্ঞ বলেন, শিক্ষার মান 'নীচস্তরে রয়েছে' আর বাকী ২০ জন বলেন 'চলতি মানের রয়েছে'। বিশেষজ্ঞদের একজনও বলেননি যে, শিক্ষার মান উচ্চস্তরে অথবা কিছুটা উচ্চস্তরে রয়েছে।